

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 12-10-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

**PM Dhan Dhaanya Krishi Yojana & Mission for Aatmanirbharta
in Pulses :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লিতে এক অনুষ্ঠানে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪২ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী কৃষিক্ষেত্রে দুটি প্রধান উদ্যোগ, 'প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল জাতীয় ফসলে আত্মনির্ভরতা মিশনের' সূচনা করেন। এর জন্য ৩৫ হাজার কোটি টাকারও বেশি ব্যয় ধার্য করা হয়েছে।

দেশে, নির্বাচিত ১০০টি জেলায় কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি, ফসল বৈচিত্র্য এবং সুস্থায়ী কৃষি পদ্ধতি গ্রহণ বৃদ্ধি, সেচ সুবিধা উন্নত করা এবং দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী ঋণের সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে ২৪ হাজার কোটি টাকা ব্যয়ে প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা চালু করা হয়েছে।

এই অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী কৃষি, পশুপালন, মৎস্য ও খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে ৫,৪৫০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও জাতির উদ্দেশে উৎসর্গ করেন, একই সঙ্গে প্রায় ৮১৫ কোটি টাকার অতিরিক্ত প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই উপলক্ষে জনসমাবেশে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা' এবং 'ডাল শস্যে আত্মনির্ভরতা মিশন' এই প্রকল্পগুলি দেশের লক্ষ লক্ষ কৃষকের ভাগ্য বদলে দেবে।

Byte-PM

অনুষ্ঠানে, কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে জিএসটি সংস্কারে, সরকার কৃষি সরঞ্জামের উপর জিএসটি হার কমিয়ে কৃষকদের স্বস্তি দিয়েছে।

PM Dhan Dhaanya Krishi Yojana & Mission for Aatmanirbharta in Pulses-State :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল অরুন্ধতীনগরে রাজ্য কৃষি গবেষণা কেন্দ্র থেকে ভার্চুয়াল ভাবে "প্রধানমন্ত্রী ধন ধান্য কৃষি যোজনা" এবং 'ডাল জাতীয় ফসলে আত্মনির্ভরতার মিশনের' সূচনা অনুষ্ঠানে অংশ নেন। পরে মুখ্যমন্ত্রী বলেন, এই দুটি গুরুত্বপূর্ণ প্রকল্প দেশের ভাগ্য পরিবর্তন করবে। এই প্রকল্পগুলির ফলে দেশের এক কোটি ৭০ লক্ষের বেশি অন্নদাতা কৃষক লাভবান হবেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, উত্তর ত্রিপুরা জেলাকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। এরফলে ৫৯ হাজার ৫১৭ জন কৃষক লাভবান হবেন।

তিনি বলেন, কৃষিক্ষেত্রে যেসব অঞ্চলে উৎপাদন কম এবং কৃষিজীবীর সংখ্যা তুলনামূলকভাবে কম সেইসব এলাকাকে কৃষিতে আত্মনির্ভর করে তোলা-ই এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রধানমন্ত্রীর সূচনা করা এই প্রকল্পগুলি এখন থেকে ২০৩০-৩১ অর্থবছর পর্যন্ত চলবে। ১১টি দপ্তরকে যুক্ত করে এই প্রকল্পগুলি বাস্তবায়িত হবে।

অনুষ্ঠানে অংশ নিয়ে কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, সহসাই ত্রিপুরার ধলাই ও খোয়াই জেলা খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে। তাছাড়া, রাজ্য কৃষি দপ্তর শহরাঞ্চলে নগর কৃষির উপরও জোর দিয়েছে।

CM-Sarod Utsav :

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা এবছর শান্তিপূর্ণভাবে শারদ উৎসব সম্পন্ন হওয়ায় রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, এবারের পূজোতে চিন্তা ও মননের উদ্ভাস দেখা গেছে। সংস্কৃতি চর্চা বেড়েছে যা আগামী প্রজন্মকে উৎসাহিত করবে। গতকাল তথ্যসংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শারদ সম্মান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী আরও বলেন, আগামী দিনে মণ্ডপ, মূর্তি ও আলোক সজ্জায় যাতে রাজ্যের শিল্পী ও কলাকুশলীরাই অংশ নিতে পারেন তার জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়টিও সরকার গুরুত্ব দিয়ে দেখছে। প্রধানমন্ত্রী দক্ষতা বৃদ্ধি ও লোকাল ফর ভোকাল এই বিষয়টি উপর গুরুত্ব দিয়েই সরকার এই পদক্ষেপ গ্রহণ করার উদ্যোগ নিয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী, অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগে শারদ উৎসবে অংশগ্রহণকারী রাজ্যের বিভিন্ন ক্লাব ও সামাজিক সংস্থাকে পুরস্কৃত করা হয়।

Mayor :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল স্মার্ট সিটি প্রকল্পে আগরতলা শহরে কভার ড্রেন নির্মানের কাজ পরিদর্শন করেন। বৃষ্টিতে রাস্তা

যাতে জলমগ্ন হয়ে না পড়ে, সে লক্ষ্যে দ্রুততার সঙ্গে নিকাশীর ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। তিনি পরিদর্শনকালে মেয়রের সঙ্গে ছিলেন স্মার্ট সিটি প্রকল্পের CEO শৈলেশ কুমার যাদব, স্থানীয় কর্পোরেটর এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

Quiz :

বন্যপ্রাণী সপ্তাহ উপলক্ষে তেলিয়ামুড়া বন দপ্তরের উদ্যোগে এবং নবচিন্তন ওয়েলফেয়ার সোসাইটির সহযোগিতায় গতকাল এক বিতর্ক ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বন বিভাগের আধিকারিকগণ বন্যপ্রাণী সংরক্ষণের গুরুত্ব এবং বনজ সম্পদ রক্ষার উপায় নিয়ে বক্তব্য রাখেন।

Anti-drugs :

সিপাহীজলা জেলার যাত্রাপুর থানার পুলিশ গতকাল সকালে ভবানীপুর মনুয়ার টিলা এলাকায় অভিযান চালিয়ে প্রায় ২০০০ গাঁজা গাছ ধ্বংস করেছে। এই অভিযানে নেতৃত্ব দেন যাত্রাপুর থানার ওসি সিতিকান্ত বর্ধন।

Nari Samittee Sammelan :

ভারত গণতান্ত্রিক নারী সমিতির চতুর্থ পশ্চিম ত্রিপুরা জেলা সম্মেলন গতকাল আগরতলায় অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের কেন্দ্রীয় কমিটির সহ-সভানেত্রী রমা দাস বলেন, সম্মেলনে চারশোরও বেশি প্রতিনিধি অংশ নিয়েছেন।

CRICKET :

মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের তৃতীয় ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকলা গোয়ালিয়র-এর ক্যাপ্টেন রূপ সিং স্টেডিয়ামে এলিট পুল গ্রুপের খেলায় কর্নাটক ৯ উইকেটে ত্রিপুরাকে হারিয়ে দেয়।

এদিকে, ভিনু মানকর ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের গ্রুপের দ্বিতীয় খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। দেরাদুনের অভিমুখ ক্রিকেট একাডেমিতে অনুষ্ঠিত হায়দ্রাবাদ ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে তবে কোনও সতর্কবার্তা নেই। আগরতলা ও তার আশে পাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ছিল ৩.৪ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।
